

القَابِضُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহা।

বিসমিল্লাহির রহমানির রহিম।

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম, আসমাউল হুসনার ২১ তম নাম ‘القَابِضُ’ আজকের আলোচনার বিষয়। ‘القَابِضُ’ শব্দের মূল ق ب ض - এই মূল শব্দ থেকে গঠিত শব্দগুলো পবিত্র কুরআন মাজীদে ৯ বার এসেছে। প্রত্যাহার করা, প্রত্যাহার, মুষ্টিবদ্ধ, হাতের মধ্যে ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ ‘القَابِضُ’ অর্থ: আল্লাহ, যিনি সংকুচিত করেন।

পবিত্র কুরআন মাজীদে ইরশাদ হচ্ছে:

مَنْ ذَا الَّذِي يُفْرِضُ اللَّهُ قَرْضًا حَسَنًا فَيُضَاعِفُهُ لَهُ أَضْعَافًا كَثِيرَةً وَاللَّهُ يَقْبِضُ وَيَبْسُطُ
وَإِلَيْهِ تُرْجَعُونَ ﴿٢٤٥﴾

সূরা বাকারা ২৪৫ নং আয়াত -

কে আছে আল্লাহকে কর্জে হাসানা, (উত্তম নিঃস্বার্থ ঋণ) প্রদান করবে? তারপর তিনি তা বহুগুণ বৃদ্ধি করে তাকে ফেরত দেবেন। আল্লাহই (কারো অর্থনৈতিক অবস্থা) সম্প্রসারিত করেন আর (কারো অবস্থা) সংকুচিত করেন এবং তার কাছেই তোমাদের ফিরিয়ে নেয়া হবে।

وَمَا قَدَرُوا اللَّهَ حَقَّ قَدْرِهِ وَالْأَرْضُ جَمِيعًا قَبْضَتُهُ يَوْمَ الْقِيَامَةِ وَالسَّمَاوَاتُ
مَطْوِيَّاتٌ بِيَمِينِهِ سُبْحَانَهُ وَتَعَالَى عَمَّا يُشْرِكُونَ ﴿٦٧﴾

সূরা যুমার ৬৭ নং আয়াত -

তারা আল্লাহকে তাঁর যথার্থ মর্যাদা দেয় না। কেয়ামতের দিন গোটা পৃথিবী থাকবে তাঁর মুষ্টিতে, আর মহাকাশ থাকবে ভাঁজ করা অবস্থায় তাঁর ডান হাতে, তিনি অতি পবিত্র ও মহান, তারা যাদের শরিক করে তাদের থেকে।

তিনি সংকীর্ণ থেকে প্রশস্ত করেন, উদাহরণ হযরত ইউসুফ আ: ঘটনা:

কূপে নিষ্কেপ করা হয়েছিল, সেখান থেকে রাজপ্রসাদে; জেলখানা থেকে মন্ত্রী; পরিবার আলাদা হয়েছিল, সে থেকে আবার একত্রিত হওয়া। আল্লাহই সংকীর্ণ থেকে প্রশস্ত করেন।

সহীহ হাদীস:

রাসুল সাঃ এর দোয়া করতেন-

يَا مُقَلَّبَ الْقُلُوبِ ثَبِّتْ قَلْبِي عَلَى دِينِكَ -

হে আল্লাহ, হৃদয় ঘুরিয়ে দেয়ার মালিক, আমার অন্তরকে তোমার দ্বীনের উপর শক্ত ও মজবুত করে দাও।

আসুন, আমরা আল্লাহর কাছে কায়মনোবাক্যে প্রার্থনা করি, হে আমার প্রভু আমার জন্য ভালো জিনিস কে সংকোচিত করো না। দুনিয়া ও আখেরাতে আমাদের জীবনকে সংকোচিত করো না। হে আমাদের মাওলা, আমাদের রব।

আমরা আল্লাহ 'القَابِضُ' এর সাথে কাউকে শরিক না করি। কারণ শরিক বড় পাপ কাজ। এই শরিকের গুনাহ আল্লাহ ক্ষমা করবেন না।

আল্লাহকে যথার্থ মর্যাদা দেয়ার তৌফিক তিনি আমাদেরকে দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবাকাতুহু।